

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৮
আগরতলা, ২০ এপ্রিল, ২০১৭

প্ৰেস বিজ্ঞপ্তি

‘উড়ে এলেন সপাৰ্শদ স্বাস্থ্যসচিব দুনীতি বন্ধে দেননি কোনো দাওয়াই’, এই শিরোনামে আজ ২০ এপ্রিল, ২০১৭ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।

দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রধান সচিবের গন্ডাছড়া সফরকালে স্বাস্থ্য পরিষেবার সুফল যাতে জনগণ পান সেলক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ নেওয়া হয়েছে।

- ১) জগবন্ধুপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নবনির্মিত লেবার রুম অনতিবিলম্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের হাতে হস্তান্তর করতে গ্রামোন্নয়ন দপ্তরকে বলা হয়েছে। আগামী কিছু দিনের মধ্যে এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রসব শুরু করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে যাবতীয় পদক্ষেপ গৃহীত হচ্ছে।
- ২) গন্ডাছড়ায় টেলিমেডিসিনের মাধ্যমে বিভিন্ন পরিষেবা প্রদান সুনিশ্চিত করতে সোয়ান নেটওয়ার্কের মাধ্যমে ইন্টারনেট পরিষেবা যাতে চালু থাকে সেজন্য মহকুমা শাসককে বলা হয়েছে।
- ৩) গন্ডাছড়া মহকুমা হাসপাতালে জেনেরিক মেডিসিন কাউন্টার অবিলম্বে চালু করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।
- ৪) গন্ডাছড়ায় ব্লাডব্যাঙ্ক স্থাপন করা হয়নি। সেখানে ব্লাড স্টোরেজ সেন্টার চালু রয়েছে। ডাঃ মলিন দেবনাথ রক্ত সংরক্ষণ কেন্দ্রের দায়িত্ব পালন করবেন।
- ৫) গন্ডাছড়া মহকুমা হাসপাতাল থেকে অতিরিক্ত একটি এক্স-রে মেশিন অবিলম্বে গঙ্গানগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রদান করার নির্দেশ দেওয়া হয়েছে।
- ৬) গন্ডাছড়া মহকুমা হাসপাতালে শিশুদের হেপাটাইটিস ভ্যাকসিন যাতে পর্যাপ্ত পরিমাণে গন্ডাছড়া মহকুমা হাসপাতালে উপলব্ধ থাকে তার নির্দেশ দেওয়া হয়েছে।
- ৭) গন্ডাছড়া মহকুমা হাসপাতালে হোমিওপ্যাথের বহির্বিভাগে একজন আর বি এস কে সংশ্লিষ্ট চিকিৎসক নিয়মিত বসার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।